

২৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

মার্চ/২৫- এপ্রিল/২৫

উপজেলা - ঝিকরগাছা

জেলা - যশোর।

সভাপতিঃ জনাব ডুপালী সরকার প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

সভার স্থানঃ প্রশাসক উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের অফিস কক্ষে

তারিখ ও সময়ঃ ২৯/০৪/২০২৫ খ্রি. সকাল -১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যুব গোষ্ঠি দেশের মূল্যবান সম্পদ। দেশের জনগোষ্ঠির সবচেয়ে কর্মঠ, উৎপাদনশীল অংশই হলো যুব সমাজ। জনসংখ্যার বৃদ্ধির সাথে সাথে বাড়ছে বেকারত্ব, সে অনুপাতে বাড়ছে না কর্মসংস্থান। বেকারত্ব, দারিদ্রতা ও সঠিক পথের দিক নির্দেশনার অভাবেও অনেক যুবক/যুব মহিলা জড়িত হয়ে পড়ছে বিভিন্ন জঙ্গি ও সন্ত্রাসী কর্মকাণ্ডে। ফলে সমাজে বাড়ছে অপরাধ তৎপরতা। এ সমস্যা সমাধানে বেকার যুবক/যুব মহিলাদের আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করে তাদেরকে আর্থনির্ভরশীল করে গড়ে তোলা বিশেষ প্রয়োজন।

সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যুব উন্নয়ন কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণার্থীদের আবেদন বিজ্ঞপ্তি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নোটিশবোর্ডে প্রদর্শন করতে হবে এবং প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম অবশ্যই স্বচ্ছতার সাথে পরিচালনা করতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

ক. ঋণ বিতরণ

ক্রঃ নং	ঋণ কর্মসূচির নাম	২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা		মার্চ/২০২৫ খ্রিঃ মাসে ঋণ বিতরণ		২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণ	
		টাকা	জন	টাকা	জন	ঋণ গ্রহিতার সংখ্যা	ঋণের পরিমাণ
১	ঋণ কর্মসূচি (আত্মকর্ম)	২৮,০০,০০০/-	৩৮	৫৫০০০০	০৫	৪৫ জন	৩৪১০০০০ টাকা
২	ঋণ কর্মসূচি(পরিবারভিত্তিক)	৪,৮০,০০০/-	৪০	-	-	০ জন	০ টাকা
৩	ঋণ কর্মসূচি (যুব উদ্যোক্তা)	৬,০০,০০০/-	৩	-	-	০২ জন	৪,০০,০০০ টাকা
	মোট	৩৮,৮০,০০০/-	৯৩	৫৫০০০০	০৫	৪৭ জন	৩৮,১০,০০০ টাকা

খ. ঋণ আদায়ঃ

ক্রঃ নং	ঋণ কর্মসূচির নাম	মার্চ/২০২৫ খ্রিঃ মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ	মার্চ ২০২৫ খ্রিঃ মাসে আদায়কৃত টাকার পরিমাণ	আদায়ের শতকরা হার
১	ঋণ কর্মসূচি (আত্মকর্ম)	৩৭১৭১৯ টাকা	৩৫২১১২ টাকা	৯৪.৭২%
২	ঋণ কর্মসূচি(পরিবারভিত্তিক)	৩৮৪০০ টাকা	৩৮৪০০ টাকা	১০০ %

ক. ঋণ বিতরণ

ক্রঃ নং	ঋণ কর্মসূচির নাম	২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা		এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসে ঋণ বিতরণ		২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণ	
		টাকা	জন	টাকা	জন	ঋণ গ্রহিতার সংখ্যা	ঋণের পরিমাণ
১	ঋণ কর্মসূচি (আত্মকর্ম)	২৮,০০,০০০/-	৩৮	-	-	৪৫ জন	৩৪,১০,০০০ টাকা
২	ঋণ কর্মসূচি(পরিবারভিত্তিক)	৪,৮০,০০০/-	৪০	-	-	০ জন	০ টাকা
৩	ঋণ কর্মসূচি (যুব উদ্যোক্তা)	৬,০০,০০০/-	৩	-	-	০২ জন	৪,০০,০০০ টাকা
	মোট	৩৮,৮০,০০০/-	৯৩	-	-	৪৭ জন	৩৮,১০,০০০ টাকা

খ. ঋণ আদায়ঃ

ক্রঃ নং	ঋণ কর্মসূচির নাম	এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ	এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসে আদায়কৃত টাকার পরিমাণ	আদায়ের শতকরা হার
১	ঋণ কর্মসূচি (আত্মকর্ম)	৩৯১৪৪৫ টাকা	৩৭১০৪৪ টাকা	৯৪.৭৮%
২	ঋণ কর্মসূচি(পরিবারভিত্তিক)	৩৬৬০০ টাকা	৩৬৬০০ টাকা	১০০ %

প্রশিক্ষণ (আত্মকর্ম রাজস্ব) : ৪,৯০,০০০/- টাকা বরাদ্দের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে অত্র উপজেলায় ১৪ টি ব্যাচে ৩০X১৪= ৪২০ জনকে বিভিন্ন ট্রেডে

প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। যার মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরে অত্র উপজেলায় সেপ্টেম্বর/২০২৪-অক্টোবর/২০২৪ ০৩ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। যার মধ্যে পুরুষ ০৩ জন এবং মহিলা ৮৭ জন মোট (০৩+৮৭) =৯০ জন।

চলমান-২

ইমপ্যাক্ট ৩য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প : “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (১ম সংশোধিত)”- শীর্ষক প্রকল্পের আওতায় সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সম্প্রসারণ এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক ২০২৪-২০২৫ অর্থ বছরে ০৫ (পাঁচ) টি ব্যাচের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ পরিচালনা করা হয়। সেপ্টেম্বর/২৪ হতে অক্টোবর/২৪ কোন প্রশিক্ষণ হয় নাই।

সিদ্ধান্ত: যুব উন্নয়ন কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেডে বিজ্ঞপ্তি নোটিশবোর্ডে প্রদর্শন উপজেলা এবং প্রশিক্ষণের বিভিন্ন ট্রেড ইউনিয়ন পর্যায়ে আয়োজন এবং প্রকল্প স্থানে সাইনবোর্ড টাঙ্গানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ডুপালী সরকার)
প্রশাসক, উপজেলা পরিষদ

ও

সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর।



তারিখঃ ২৯/৮/২৪

স্মারক নং- ৩৪.০১.৪১২৩.০০০.০৬.০০২.২২- ৯৭৭(১)

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। প্রশাসক, উপজেলা পরিষদ ও সভাপতি, যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।


২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

৩। উপজেলা সমবায় কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

৪। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি, ... ইউপি,
ঝিকরগাছা, যশোর।

৫। ----- সদস্য (সকল), যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।

৬। অফিস কপি।


২৯/৮/২৪

(মোঃ তোফাজ্জেল হোসেন)

উপজেলা যুব উন্নয়ন অফিসার

ও

সদস্য- সচিব

যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি

ঝিকরগাছা, যশোর।



উপস্থিত সদস্যদের তালিকা "ক"

ক্রঃ নং	নাম ও পদবী	ঠিকানা	স্বাক্ষর
১	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান	মাগুরা ইউপি, ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
২	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান	শিমুলিয়া ইউপি, ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
৩	চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান	গদখালী ইউপি, ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
৪	উপজেলা সমবায় কর্মকর্তা	ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট
৫	জনাব মোঃ তোফাজ্জেল হোসেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	ঝিকরগাছা, যশোর	অস্পষ্ট